**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/26/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# গভর্নর হোচুল এবং মেয়োর ডি ব্লাসিও ঘোষণা করেছেনন যে অনথিভুক্ত নিউ ইয়র্কবাসীদের জন্য হারিকেন আইডার ত্রাণ প্রদানের জন্য 27 মিলিয়ন মার্কিন ডলার উপলব্ধ

***প্রভাবিত এলাকায় কমিউনিটি সংগঠনগুলি নির্বাচন করা হয়েছে অনথিভুক্ত ভুক্তভোগীদের পুনরুদ্ধারের সহায়তা পেতে সাহায্য করার জন্য***

**নির্বাচিত অলাভজনক সংস্থাগুলি সরাসরি বাসিন্দাদের সাথে কাজ করবে যারা (Federal Emergency Management Agency, FEMA) সহায়তার জন্য যোগ্য নয়**

***প্রোগ্রামটি 27 সেপ্টেম্বর শুরু হবে - বাসিন্দাদের অফিস ফর নিউ আমেরিকান্স (Office for New Americans, ONA) হটলাইনে কল করতে হবে 1-800-566-7636 নম্বরে কোথায় আবেদন করতে হবে তার সাহায্যের জন্য***

গভর্নর ক্যাথি হোচুল এবং মেয়র বিল ডি ব্লাসিও আজ ঘোষণা করেছেন যে হারিকেন আইডার অবশিষ্টাংশের কারণে সৃষ্ট ঝড় ও বন্যার অনথিভুক্ত ভুক্তভোগীদের ত্রাণ প্রদান করতে 27 মিলিয়ন মার্কিন ডলার উপলব্ধ আছে। এই তহবিলটি সম্প্রদায়ের সংস্থানের একটি প্রতিষ্ঠিত নেটওয়ার্কের অনুদানের মাধ্যমে বিতরণ করা হবে এবং সেই নিউ ইয়র্কবাসীদের প্রদান করা হবে যারা FEMA ব্যক্তিগত সহায়তার কর্মসূচি বা অন্যান্য উপায়ে ঝড়ে পুনরুদ্ধারের সহায়তা পাওয়ার যোগ্য নয়।

"যখন আমি হারিকেন আইডার ফলে হওয়া বিপর্যয় দেখেছিলাম, তখন আমি প্রতিশ্রুতি দিয়েছিলাম যে প্রভাবিত সম্প্রদায়গুলিকে পুনরুদ্ধার করতে সাহায্য করার জন্য আমরা আমাদের ক্ষমতায় যা আছে তার সব কিছুই করব, এবং এই অর্থায়নটি সেই প্রতিশ্রুতির পরিপূর্ণতা," **গভর্নর হোচুল বলেন।** "এই সংস্থানগুলির সাহায্যে সেই সব অনথিভুক্ত নিউ ইয়র্কবাসীদের জন্য নিবেদিত যারা FEMA ত্রাণ এবং অকুস্থলে সংস্থাগুলির সাথে অংশীদারিত্বের জন্য অযোগ্য, আমরা সহায়তার প্রচেষ্টার মধ্যে থাকা ফাঁকগুলি পূরণ করতে পারি এবং বিপন্ন নিউ ইয়র্কবাসীদের সহায়তা করতে পারি। আমি যোগ্য নিউ ইয়র্কবাসীদের অনুরোধ করছি তাদের পুনর্গঠনের জন্য প্রয়োজনীয় তহবিল পেতে আবেদন করতে।"

"আমরা নিশ্চিত করবো যে নিউ ইয়র্কবাসীদের হারিকেন আইডার বিধ্বংসী প্রভাব থেকে পুনরুদ্ধারের জন্য তাদের প্রয়োজনীয় সাহায্যের অ্যাক্সেস আছে," **মেয়র বিল ডি ব্লাসিও**

**বলেছেন।** "ডকুমেন্টেশনের অবস্থা যাই হোক না কেন, আমরা আমাদের জলবায়ু সংকটের অতি সাম্প্রতিক ক্ষতিগ্রস্তদের সহায়তা প্রদান করব এবং পথের প্রতিটি ধাপে সাহায্য করার জন্য এখানে আছি।"

এই কর্মসূচি নিউ ইয়র্ক রাজ্যের অফিস ফর নিউ আমেরিকানস (ONA) দ্বারা পরিচালিত হচ্ছে এবং অনথিভুক্ত ব্যক্তিদের তাদের লক্ষ্য করবে যারা পৃথক সহায়তার জন্য অনুমোদিত রাষ্ট্রপতির প্রধান দুর্যোগের ঘোষণাপত্রে নির্ধারিত কাউন্টিগুলিতে অবস্থিত, যার মধ্যে রয়েছে ব্রঙ্কস, কিংস, নাসাউ, কুইন্স, রিচমন্ড, সাফক, ওয়েস্টচেস্টার এবং রকল্যান্ড। অলাভজনক সংস্থার একটি নির্বাচিত গ্রুপের সংখ্যা ঝড় দ্বারা ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের জন্য তথ্য, সহায়তা এবং সাহায্য প্রদান করবে।

আজকের ঘোষণা সহায়তা বিতরণের যৌথ প্রচেষ্টায় এই অলাভজনক সংস্থাগুলিকে সমর্থন করার জন্য রাজ্য এবং শহরের অঙ্গীকারকে জোরদার করে।

নিম্নলিখিত সংস্থাগুলি সহায়তা প্রদান করবে:

- **ব্রঙ্কস - ক্যাথলিক চ্যারিটিজ কমিউনিটি সার্ভিসেস (Catholic Charities Community Services)**, 402 ইস্ট 152nd স্ট্রিট, ব্রঙ্কস, NY 10455
- **ব্রুকলিন - চাইনিজ আমেরিকান প্ল্যানিং কাউন্সিল (Chinese American Planning Council)**, 4101 8তম অ্যাভেনিউ, 4 তল, ব্রুকলিন, NY 11232
- **কুইন্স - মিনকোওন (MinKwon)**, 133-29 41তম অ্যাভিনিউ, সুইট 202, ফ্লাশিং, NY 11355
- কুইন্স - **মেক দ্য রোড (Make the Road)**, 92-10 রুজভেল্ট অ্যাভিনিউ, জ্যাকসন হাইটস, NY 11372

**স্ট্যাটেন আইল্যান্ড - মেক দ্য রোড**, 161 পোর্ট রিচমন্ড অ্যাভিনিউ, স্ট্যাটেন আইল্যান্ড, NY 10302

- **নাসাউ** - **ইকোনমিক অপরচুনিটি কমিশন অফ নাসাউ**, 134 জ্যাকসন স্ট্রিট, হেম্পস্টেড, NY 11550
- **সাফোক** - **মেক দ্য রোড**, 1090 সাফোক অ্যাভিনিউ, ব্রেন্টউড, NY 11717
- **ওয়েস্টচেস্টার ও রকল্যান্ড - নেবারসলিংক (NeighborsLink),** 27 কলম্বাস অ্যাভেনিউ, মাউন্ট কিসকো, NY 10549

**নিউ ইয়র্ক স্টেটের সেক্রেটারি অফ স্টেট রোসানা রোজাডো বলেন,** "হারিকেন আইডার অবশিষ্টাংশ তার প্রভাবে বহু মানুষের ঘরবাড়ি এবং জীবিকা ধ্বংস করেছে, ও বিশেষ করে শহর জুড়ে অভিবাসীদের প্রভাবিত করছে। গভর্নর হোচুলের নেতৃত্বকে ধন্যবাদ, নতুন আমেরিকানদের জন্য নিউ ইয়র্ক স্টেট অফিস আমাদের অনথিভুক্ত নিউ ইয়র্কবাসীদের পুনরায় নির্মাণ করতে সাহায্য করার জন্য প্রয়োজনীয় সমস্ত ত্রাণের ব্যবস্থার সাথে সংযুক্ত করতে আমাদের সংস্থান কাজে লাগাতে প্রস্তুত।"

**আর্থিক পরিষেবার (Financial Services) ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট অ্যাড্রিয়েন এ হ্যারিস বলেন,** "অনথিভুক্ত নিউ ইয়র্কবাসীরা সেই বন্ধনের একটি গুরুত্বপূর্ণ অংশ যা আমাদের সম্প্রদায়গুলিকে শক্তিশালী করে এবং এই মহামারীর মধ্যে নিউ ইয়র্ককে শক্ত রাখতে সাহায্য

করেছে। হারিকেন আইডার দ্বারা ক্ষতিগ্রস্ত সকলকে সাহায্য করার জন্য যাতে তহবিল এবং ত্রাণ পাওয়া যায় তা নিশ্চিত করার জন্য আমি গভর্নর হোচুলের প্রশংসা করি। আর্থিক পরিষেবা বিভাগের (Department of Financial Services, DFS) কর্মীরা প্রাথমিক প্রতিক্রিয়া প্রচেষ্টায় যোগদান করেছেন এবং প্রত্যক্ষ করেছেন যে আজকে বিতরণ করা তহবিলগুলি গুরুতর আর্থিক ত্রাণ সরবরাহ করতে সহায়তা করবে যা আমাদের ক্ষতিগ্রস্ত সম্প্রদায়গুলিকে একত্রে নিরাময়ের ব্যবস্থা করে দেবে।"

**সংসদ সদস্য ক্যাটালিনা ক্রুজ বলেন,** "আমাদের সম্প্রদায়ের অনেকেই আইডা দ্বারা সৃষ্ট বিধ্বংসী বন্যার পর সব কিছু হারিয়েছেন। কেবল আমাদের অফিসেই আমাদের 25-টিরও বেশি পরিবারকে বলতে হয়েছে যে তাদের প্রয়োজনের সময় তাদের সাহায্য করার জন্য কোন বিদ্যমান সংস্থান নেই। ফেডারেল সরকারকে আমাদের নাগরিকদের জন্য যে সংস্থান উপলব্ধ, সেই একই সংস্থান সকল প্রভাবিতদের কাছে উপলব্ধ করা উচিত, আমাদের প্রতিবেশী সহ যারা অভিবাসন স্থিতির কারণে যোগ্যতা অর্জন করেননি। আমি বাদ পড়া নিউ ইয়র্কবাসীদের উদ্দেশ্যে আইডা রিলিফ ফান্ডের জন্য গভর্নর হোচুলের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ, এটি একটি অতি প্রয়োজনীয় মানবিক প্রচেষ্টা যা আমার সব চেয়ে বিপন্ন প্রতিবেশীদের সহায়তা প্রদান করবে, যাদের অন্যথায় একেবারে কিছুই থাকবে না।"

অলাভজনক অংশীদার সংস্থাগুলি 27 সেপ্টেম্বর, 2021, সোমবার থেকে সহায়তা প্রদান এবং আবেদন গ্রহণ শুরু করবে। আবেদনের সময়কাল 26 নভেম্বর 2021, শুক্রবার বন্ধ হবে। এই প্রোগ্রামের জন্য যোগ্যতা অর্জনের জন্য, আবেদনকারীদের অবশ্যই a) নিজেরা FEMA সহায়তার জন্য যোগ্য হবেন না এবং b) তাদের পরিবারে এমন কোন ব্যক্তি থাকতে পারবে না যিনি সহায়তার জন্য যোগ্য।

সহায়তার সাথে সংযুক্ত হতে প্রভাবিত বসিন্দাদের উচিত ONA হটলাইনে কল করা 1-800-566-7636 নম্বরে সকল 9-টা থেকে রাত 8-টার মধ্যে, সোমবার থেকে শুক্রবারের মধ্যে অথবা 27 সেপ্টেম্বর থেকে শুরু হওয়া অলাভজনক অংশীদারদের সাথে সাক্ষাৎ করা। হটলাইন সহায়তা 200টিরও বেশি ভাষায় পাওয়া যায়।

গভর্নর হোচুল পূর্বে ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য একটি নতুন অনলাইন রিসোর্স হাব শুরু করার কথা ঘোষণা করেছেন, যা উপলব্ধ ny.gov/Ida এ। হাবটি উপলভ্য সহায়তা কর্মসূচি সম্পর্কে এবং কোথায় আশ্রয় এবং খাবারের অ্যাক্সেসের মতো পরিষেবাগুলি খুঁজে পাওয়া যায় সে সম্পর্কে তথ্য সরবরাহ করে। নিউ ইয়র্কবাসীদের জন্য আরো সংস্থান উপলব্ধ হওয়ার সাথে সাথে সাইটের তথ্য হালনাগাদ করা হবে।

**নতুন আমেরিকানদের জন্য নিউ ইয়র্ক স্টেটের অফিস,** যা 2012 সালে প্রতিষ্ঠিত, হল দেশের প্রথম বিধিবদ্ধভাবে তৈরি অভিবাসী পরিষেবার অফিস। ONA সমস্ত নতুন আমেরিকানদের বিভিন্ন ধরনের বিনামূল্যের পরিষেবা অ্যাক্সেস এবং নেভিগেট করতে সহায়তা করে এবং সম্প্রদায়ভিত্তিক প্রদানকারীদের রাজ্যব্যাপী নেটওয়ার্কের মাধ্যমে সহায়তা প্রদান করে।

**ক্যাথলিক চ্যারিটিজ অফ নিউ ইয়র্কের (Catholic Charities of New York) নির্বাহী পরিচালক মনসিনর কেভিন সালিভান বলেন,** "জরুরী অবস্থা এবং দুর্যোগের পরে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রভাবিত ব্যক্তিদের দ্বারা তার সামাল দেওয়া কঠিন হয়, বিশেষ করে যারা আমাদের সম্প্রদায়ের সব চেয়ে দুর্বল, তাদের জন্য। ক্যাথলিক চ্যারিটিজ হারিকেন আইডা দ্বারা ক্ষতিগ্রস্থদের সমর্থন ও সহায়তা করার জন্য প্রস্তুত রয়েছে এবং আমরা গভর্নর হোচুল এবং নিউইয়র্ক স্টেটকে সংস্থান এবং অঙ্গীকারবদ্ধতার জন্য ধন্যবাদ জানাই।"

**নেবারস লিঙ্কের (Neighbors Link) নির্বাহী পরিচালক ক্যারোলা ওটেরো ব্র্যাকো বলেন,** "এটা খুবই গুরুত্বপূর্ণ যে ঝড়-প্রভাবিত এলাকার মানুষরা তাদের অভিবাসন স্থিতি, আবাসন পরিস্থিতি বা বীমার জন্য অর্থ প্রদানের ক্ষমতা নির্বিশেষে তাদের প্রয়োজনীয় সহায়তা পান। বহু অনথিভুক্ত বাসিন্দা অপরিহার্য কর্মী হিসেবে কাজ করেছেন এবং আমাদের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন, কিন্তু প্রায়শই সরকারী ত্রাণগুলির বেশির ভাগ ধরণ থেকে তাদের বাদ দেওয়া হয়েছে। নেবারস লিঙ্ক গভর্নর হোচুলের প্রতি কৃতজ্ঞ যারা অন্যান্য আর্থিক ত্রাণ পাওয়ার যোগ্য নয় তাদের জন্য ব্যবস্থা করার জন্য এবং ঝড়ের ত্রাণ পরিকল্পনা পরিচালনার জন্য উদগ্রীব।"

**চাইনিজ-আমেরিকান প্ল্যানিং কাউন্সিলের (Chinese-American Planning Council, Inc.) প্রেসিডেন্ট এবং CEO ওয়েন হো বলেন,** "হারিকেন আইডার দ্বারা ক্ষতিগ্রস্ত অনথিভুক্ত অভিবাসীদের জরুরি ত্রাণ প্রদানের জন্য নিউ ইয়র্ক স্টেটের অংশীদার হতে পেরে গর্বিত। বহু অনথিভুক্ত ব্যক্তি এবং পরিবার FEMA সহায়তার জন্য যোগ্য নয়। আমরা খুশি যে এই নতুন সংস্থান এই কঠিন সময়ে তাদের আবার নিজের পায়ে উঠে দাঁড়াতে সাহায্য করার জন্য উপলব্ধ করা হবে।"

**মেক দ্য রোড (Make the Road) সহ-নির্বাহী পরিচালক থিও ওশিরো বলেন,** "আইডার ফলে হওয়া বন্যা আমাদের সম্প্রদায়কে বিপর্যস্থ করেছে, যার ফলে নিউ ইয়র্কের সব চেয়ে ঝুঁকিপূর্ণ অনেকের বাড়ির ব্যাপক ক্ষতি হয়েছে। ফেডারেল দুর্যোগ সহায়তা থেকে বাদ পড়া অভিবাসীদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ ত্রাণ প্রদানের পদক্ষেপ নেওয়ার জন্য আমরা গভর্নর হোচুলকে সাধুবাদ জানাই। এই তহবিলের মাধ্যমে, প্রতিবেশী এবং প্রিয়জনেরা, যারা ত্রাণের অত্যন্ত প্রয়োজন, তারা তাদের বাড়ি মেরামত শুরু করতে পারবেন এবং তাদের জীবন নিয়ে এগিয়ে যেতে সক্ষম হবেন।"

**ইকোনমিক অপরচুনিটি কমিশন অফ নাসাউ কাউন্টির (Economic Opportunity Commission of Nassau County) ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক এরিক পলসন বলেন,** "ইকোনমিক অপরচুনিটি কমিশন অফ নাসাউ কাউন্টি, ইনকর্পোরেটেড তার শুরু থেকে স্বল্প আয়ের নাসাউ কাউন্টির ব্যক্তিদের সাহায্য করার ক্ষেত্রে অগ্রভাগে রয়েছে। অনথিভুক্ত বাসিন্দারা বিশেষভাবে দুর্যোগের প্রভাবের ঝুঁকিতে থাকেন এবং ঝড় থেকে পুনরুদ্ধারের সহায়তা না পাওয়ার চ্যালেঞ্জের মুখোমুখি হন, যখন তাদের তা সত্ত্বেও আবাসনের মৌলিক চাহিদা পূরণ করতে হয় এবং তাদের পরিবারের স্বাস্থ্য ও নিরাপত্তার চাহিদা পূরণ করতে হয়। এই সহায়তা আমাদের সব চেয়ে বঞ্চিত বাসিন্দাদের জন্য সমান সুযোগ প্রদান করার উদ্দেশ্যে করা হয়েছে।"

**মিনকোওন সেন্টার ফর কমিউনিটি অ্যাকশনের (MinKwon Center for Community Action) নির্বাহী পরিচালক জন পার্ক বলেন,** "মিনকোওন সেন্টার ফর কমিউনিটি অ্যাকশন হারিকেন আইডার দ্বারা প্রভাবিত অনথিভুক্ত অভিবাসীদের সাথে সংস্থানের সংযোগের এই অর্থপূর্ণ উদ্যোগে অংশীদার হতে পেরে গর্বিত। নিউ ইয়র্কের বহু অনথিভুক্ত অভিবাসী, প্রায়শই ভাড়া করা বেসমেন্টের বাসভবনে অতিরিক্তভাবে যারা বসবাস করেন, তারা যখন আইডার দ্বারা সৃষ্ট আকস্মিক বন্যার জলের ফলে নিকাশী ও নিষ্কাশন ব্যবস্থাগুলি উপচে পড়ে তখন যথেষ্ট ক্ষতির সম্মুখীন হন। ফেডারেল পলিসি ড্রিমারসহ অনথিভুক্ত পরিবারগুলিকে সরাসরি FEMA দুর্যোগ সংক্রান্ত ত্রাণ তহবিল পাওয়া থেকে বিরত করে, আমরা গভর্নর হোচুল এবং মেয়র ডি. ব্লাসিওর এই প্রয়োজনীয় সংস্থানের ঘোষণার জন্য কৃতজ্ঞ এবং আমাদের প্রতিবেশীদের, তাদের অভিবাসন অবস্থা নির্বিশেষে, নির্মমভাবে ঝড় সংক্রান্ত দুর্যোগ বা মহামারীর ত্রাণ সহায়তা থেকে বঞ্চিত করা উচিত নয়, বরং আমাদের মতই মূল্যবান মানুষ হিসেবে বিবেচনা করা উচিত।"

সাহায্যের প্রয়োজন এমন কোন অভিবাসীর জন্য, অথবা ONA এর প্রোগ্রামগুলির সাথে সংযোগ স্থাপনের জন্য, নিউ আমেরিকানদের হটলাইনে কল করুন 1-800-566-7636 নম্বরে, সোমবার থেকে শুক্রবার, সকাল 9:00-টা থেকে রাত 8:00-টা পর্যন্ত। সব ফোন কল গোপনীয় থাকবে। 200টিরও বেশি ভাষায় সহায়তা পাওয়া যায়। আরো তথ্যের জন্য যান https://dos.ny.gov/office-new-americans এ অথবা টুইটারে ONA-কে অনুসরণ করুন @NYSNewAmericans এ অথবা ফেসবুকে https://www.facebook.com/NYSNewAmericans।

###


আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন